



DU in Media

01 January 2026

প্রতিদিনের বাংলাদেশ

**ঢাবিতে তিন দিন
ক্লাস-পরীক্ষা বন্ধ**

বালেন্ডা জিয়ার মৃত্যু

প্রবা প্রতিবেদক

সাবেক প্রধানমন্ত্রী ও পিএনপি চেয়ারপারসন খালেন্ডা জিয়ার প্রতি সর্বোচ্চ সম্মান ও মর্যাদা প্রদর্শনের লক্ষ্যে গতকাল মঙ্গলবার থেকে আগামীকাল বৃক্ষশিতিবাসৰ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষাগুলি বন্ধিত করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংবোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞাপ্তি এ তথ্য জানানো হচ্ছে।

বিজ্ঞাপ্তিতে বলা হয়, শোক পালনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের পতনকা অর্ধনমিত রাখা হয়েছে। রাষ্ট্রীয় কর্মসূচি অনুষ্ঠানী বিশ্ববিদ্যালয়ের প্রযোজ্ঞী কর্মসূচি জানানো হবে।



১৭ পৌষ ১৪৩২

কালের কর্তৃ

খালেদা জিয়ার মৃত্যুতে ঢাবিতে ৩ দিনের শোক, ক্লাস-পরীক্ষা বন্ধ



বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে। পাশাপাশি সকল ক্লাস-পরীক্ষা স্থগিত করা হয়েছে। আজ মঙ্গলবার (৩০ ডিসেম্বর) ঢাবির জনসংযোগ দণ্ডের ভাবপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম প্রেরিত এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, যথাযোগ্য ভাবগান্তীর্থ রক্ষা করে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রতি সর্বোচ্চ সম্মান ও মর্যাদা প্রদর্শনের লক্ষ্যে আজ মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন (৩) দিনের শোক ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার, বৃষবার ও বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছে। শোক পালনের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতাকা অর্ধনমিত রাখা হয়েছে। রাষ্ট্রীয় কর্মসূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রবর্তী কর্মসূচি প্রণয়ন করা হবে। এছাড়া, বেগম খালেদা জিয়ার বর্ণাত্য জীবন ও কর্মকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাডেমিক সেমিনার ও অন্যান্য কর্মসূচি গ্রহণ করা হবে।

বিবৃতিতে আরো বলা হয়, আজ মঙ্গলবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়া সহ সকল হল/হোস্টেল এবং আবাসিক এলাকার মসজিদে বেগম খালেদা জিয়ার রূহের মাগফেরাত কামনায় কোরআনখানি, দোয়া ও মোনাজাত করা হবে। অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হবে। আগামীকাল বাদ জোহর মানিক মিয়া এভিনিউতে বেগম খালেদা জিয়ার নামাজে জানাজাওয় অংশগ্রহণের সুবিধার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশাসনের পক্ষ থেকে পর্যাপ্ত বিশেষ পরিবহনের ব্যবস্থা করা হয়েছে।



১৭ পৌষ ১৪৩২

DU in Media

01 January 2026

Jago news24.com

স্মৃতি এবং প্রেরণা প্রকাশন করছে

খালেদা জিয়ার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ দিনের শোক ঘোষণা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়
১ প্রকাশিত: ০৬:০৪ প্রিম, ৩০ ডিসেম্বর ২০২৫



ফাইল ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে তিন দিনের শোক ঘোষণা করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে গগমাধামে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, যথাযোগ্য ভাবগান্তীর্থ রক্ষা করে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রতি সর্বোচ্চ সম্মান ও মর্যাদা প্রদর্শনের লক্ষ্যে আজ



১৭ পৌষ ১৪৩২

DU in Media

01 January 2026

মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার, বৃথবার ও বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছে। শোক পালনের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনর্থিত রাখা হয়েছে। রাষ্ট্রীয় কর্মসূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের পরবর্তী কর্মসূচি প্রণয়ন করা হবে। এছাড়া, বেগম খালেদা জিয়ার বণ্ডাজ জীবন ও কর্মকল্পে উপর্যুক্ত কর্মসূচি গৃহণ করা হবে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, আজ মঙ্গলবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়া "সহ সব হল/হোস্টেল এবং আবাসিক এলাকার মসজিদে বেগম খালেদা জিয়ার কৃত মাগফেরাত কামনায় কোরআনখানি, দোয়া ও মোনাজাত করা হবে। অন্যান্য ধর্মীয় উপসন্ধানে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হবে। আগামীকাল খাদ জোছর মানিক মিয়া এভিনিউতে বেগম খালেদা জিয়ার নামাজে জানাজায় অংশগ্রহণের সুবিধার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশাসনের পক্ষ থেকে পর্যন্ত বিশেষ পরিবহনের ব্যবস্থা বরা হয়েছে।

ঢাবি উপাচার্যের শোক

তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গভীর শোক প্রকাশ করেছেন।

মঙ্গলবার এক শোকবাণীতে উপাচার্য বলেন, বেগম খালেদা জিয়া দেশ ও জাতির কল্যাণে আজীবন কাজ করে গেছেন। গগতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় তার নিরলস সংগ্রাম ও সাধন ভবিষ্যৎ প্রজন্মকে যুগ যুগ ধরে নিশ্চিন্তা দিবে। বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তিনি দেশ ও জাতির দেবা করেছেন এবং সর্বস সাধারণ মানুষের পাশে দাঁড়িয়েছেন। দেশ ও জাতির প্রতি তার অনন্য অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য বেগম খালেদা জিয়ার কৃত মাগফেরাত কামনা করেন এবং শোকসন্ত্ব পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদন জানান।

ডাকসুর গভীর শোক

খালেদা জিয়ার ইন্ডেকালে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) গভীর শোক প্রকাশ করেছে।

মঙ্গলবার এক শোকবাণীয় ভাকসু জানায়, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতের প্রদেশের এক অক্ষকার সময়ে দৃঢ় প্রত্যয়ে নেতৃত্বে উঠে এসে বেগম খালেদা জিয়া সৈরাচারের দমন-পীড়ন ও রাজনৈতিক প্রতিহিংসার বিরুদ্ধে গণতান্ত্রিক আন্দোলনের প্রধান মুখ্য পরিণত হয়েছিলেন। তিনি ছিলেন জনগণের প্রত্যাশার কেন্দ্রবিন্দু।

শোকবাণীয় আরও বলা হয়, আলেম-ওলামা ও অধিগতাবাদবিরোধী দেশপ্রেমিক শক্তির বিরুদ্ধে অপরাদ, ধর্মযন্ত্র ও বিভাজনের মাধ্যমে ধ্বংসের চেষ্টা চালানো হলে বেগম খালেদা জিয়া সত্য, ন্যায় ও জাতীয় সার্বভৌমত্বের পক্ষে অবিচল অবস্থান নিয়েছিলেন। তিনি কখনো বিদেশি তোষামোদ বা চাপের কাছে নতি স্থাকার করেননি এবং বাংলাদেশকে নিয়ে মাথা উঠু করে দাঁড়িয়ে



১৭ পৌষ ১৪৩২

DU in Media

01 January 2026

খালেদা জিয়ার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ দিনের শোক ঘোষণা

<https://www.jagonews24.com/campus/news/1080292>

থাকতে চেয়েছিলেন।

ডাকসু উল্লেখ করে, স্বৈরতন্ত্র, ভিন্নদেশি আধিপত্যবাদ ও ফ্যাসিবাদের বিরুদ্ধে তার নেতৃত্বে সংগঠিত গণআন্দোলন বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি অনন্য অধ্যায় হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। ২০১৩ সালে শাহবাগের ইসলামিক্সৈ উদ্যানে তিনি প্রত্যাখ্যান করেন এবং শাপলা চতুরে শান্তিপূর্ণ জনতার পাশে দাঙ্গানোর প্রত্যায় বাঞ্ছ করেন। কারাবন্দী আলেম ও আধিপত্যবাদবিরোধী রাজনৈতিক নেতাদের মুক্তির দাবিতে তার আপসাইন অবস্থান বিরল সাহসের দৃষ্টান্ত।

শোকবাতীয় আরও বলা হয়, রাজনৈতিক প্রতিহিংসার নিম্ন শিকার হয়ে তিনি বাড়িছাড়া হন এবং দীর্ঘদিন কারাবাস ও চিকিৎসাবর্ধনার মধ্য দিয়ে জীবন অতিবাহিত করেন। এসব দুঃসহ পরিস্থিতি তিনি অটেল বিশ্বাস ও দৃঢ়তা নিয়ে সহ্য করেছেন। তার জীবন ছিল সংগ্রামের, পথচলা ছিল প্রতিরোধের, আর তার মৃত্যু জনগণের হনয়ে গভীর শুন্যতা সৃষ্টি করবে।

ডাকসু জানায়, রাজনৈতিক সহাবস্থান, নাগরিক আধিকার ও জাতীয় সার্বভৌমত্বের সংগ্রামে বেগম খালেদা জিয়ার অবদান যুগ যুগ ধরে প্রেরণার উৎস হয়ে থাকবে।

শোকবাতীর শেষে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংস্থ বেগম খালেদা জিয়ার কৃহের মাগফিলাত কামনা করে তার শোকসন্ত্তু পরিবার, শুভাকাঙ্ক্ষী ও দেশবাসীর প্রতি গভীর সমবেদন জানায়।

এফএআর/এমএমএআর/এমএস



১৭ পৌষ ১৪৩২

DU in Media

01 January 2026



খালেদা জিয়ার মৃত্যুতে ঢাবি উপাচার্যের শোক প্রকাশ



নিজস্ব প্রতিবেদক

১২:২৫, ৩০ ডিসেম্বর ২০২৫
আপডেট: ১২:২৭, ৩০ ডিসেম্বর ২০২৫



খালেদা জিয়া ও ড. নিয়াজ আহমদ খান। ফাইল ছবি

তি নবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গভীর শোক প্রকাশ করেছেন।

আজ মঙ্গলবার (৩০ ডিসেম্বর) এক শোকবাণীতে উপাচার্য বলেন, বেগম খালেদা জিয়া দেশ ও জাতির কল্যাণে আজীবন কাজ করে গেছেন।

শোকবাণীতে উপাচার্য ড. নিয়াজ আহমদ খান বলেন, গণতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় খালেদা জিয়ার নিরলস সংগ্রাম ও সাধনা ভবিষ্যৎ প্রজন্মকে যুগ যুগ ধরে দিক নির্দেশনা দেবে। বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তিনি দেশ ও জাতির সেবা করেছেন এবং সর্বদা সাধারণ মানুষের পাশে দাঁড়িয়েছেন। দেশ ও জাতির প্রতি তাঁর অনন্য অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।



১৭ পৌষ ১৪৩২

DU in Media

01 January 2026

খালেদা জিয়ার মৃত্যুতে ঢাবি উপাচার্যের শোক প্রকাশ | NTV Online

<https://www.ntvbd.com/bangladesh/news-1669897>

উপাচার্য বেগম খালেদা জিয়ার কৃহের মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদন জানান।

রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ মঙ্গলবার সকাল ৬টায় খালেদা জিয়া ইন্টেকাল করেন (ইম্বা লিঙ্গাহি ওয়া ইম্বা ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।